# কবি নজরুলের পাশেই খোঁড়া হচ্ছে কবর, শায়িত হবেন শহিদ ওসমান হাদি



সংগৃহীত ছবি

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পাশে সমাহিত হবেন শহিদ ওসমান হাদি। শনিবার (২০ ডিসেম্বর) সকাল সাড়ে ১১টায় তার কবর খোঁড়ার কাজ শুরু হয়।
শুক্রবার (১৯ ডিসেম্বর) রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরি বৈঠকে ওসমান হাদির দাফন কাজী নজরুলের কবরের পাশেই করার সিদ্ধান্ত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. সাইফুদ্দীন আহমদ জানান, পরিবারের অনুরোধে এবং বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় সর্বসম্মতিতে এই সিদ্ধান্ত নেয়া হয়।
এদিকে, শহিদ ওসমান হাদির মরদেহ ময়নাতদন্তের জন্য সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে। আজ (২০ ডিসেম্বর) দুপুর ২টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।
১২ ডিসেম্বর রাজধানীর বিজয়নগরে সন্ত্রাসী হামলায় গুরুতর আহত হন ওসমান হাদি। পরে তাকে সিঙ্গাপুরে নেয়া হলে ১৮ ডিসেম্বর সেখানে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর পর দেশে ব্যাপক ক্ষোভ ও প্রতিবাদ সৃষ্টি হয়েছে।

LENS ASIA